

স্মারক নং- ০৫.৫৫.৩২২৪.০০১.০৯.০১২.২৩- ২২৪৮

তারিখঃ ১৫/১১/২০২৩ খ্রিঃ

### নিয়োগ বিজ্ঞপ্তি


মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় গাইবান্ধা সদর উপজেলার অধীনে মোল্লারচর ইউনিয়নে মোল্লারচর উচ্চ বিদ্যালয়ে স্থাপিত কিশোর-কিশোরী ক্লাবের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও অগ্রাহী প্রার্থী হিসেবে মোল্লারচর ইউনিয়নের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
০১	সংগীত শিক্ষক (দৈনিক ভিত্তিক ৫০০/-) (সপ্তাহে এক দিন)	০১(এক জন)	প্রার্থীকে এসএসসি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।
০২	আবৃত্তি শিক্ষক (দৈনিক ভিত্তিক ৫০০/-) (সপ্তাহে এক দিন)	০১(এক জন)	প্রার্থীকে এসএসসি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।

০১. প্রার্থীকে আগামী ১০/১১/২০২৩ খ্রিঃ তারিখে মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর উপজেলা বরাবরে লিখিত আবেদন হবে। উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা জমা দিতে হবে। উক্ত সময়ের পরে আর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
০২. সংগীত শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা হতে হবে।
০৩. সরকার নির্ধারিত কোটায় (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
০৪. আগামী ১০/১১/২০২৩ তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে তবে নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
০৫. আবেদন প্রত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩(তিন)কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
০৬. আবেদন প্রত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে।
০৭. চাকুরীরত প্রার্থীদের আবেদন পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
০৮. আবেদন প্রত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
০৯. নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
১০. বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১১. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ পদান করা হবে না।
১২. কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, গাইবান্ধা
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- ৪। মেয়র, গাইবান্ধা পৌরসভা, গাইবান্ধা।
- ৫। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা।
- ৬। জেলা কালচারাল অফিসার, গাইবান্ধা
- ৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- ৮। চেয়ারম্যান, ১৩ নং মোল্লারচর ইউনিয়ন পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- ৯। অফিস কপি।

  
(মোঃ মাহমুদ আল হাসান)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

সংগীত/আবৃত্তি শিক্ষক য়াচাই-বাছাই কমিটি  
গাইবান্ধা সদর, গাইবান্ধা